



কর্মসংস্থান ব্যাংক

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)
কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ
E-mail-pmthrd@kb.gov.bd

“শুদ্ধাচার আর শিষ্টাচার
কর্মসংস্থান ব্যাংকের অঙ্গীকার”

পত্র সূত্র নং -কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৫(ব্য:ন:এজিএম-৩৯)/২০১৮-২০১৯/৩০৪০

তারিখ : ২১.০৪.২০১৯

বহি:বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরিপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রশিক্ষণ ও শৃঙ্খলা অধিশাখার ১৫.০৪.২০১৯ তারিখের পত্র সংখ্যা নং-৫৩.০০.০০০০.২৩১.২৫.০১৩.১৯-২৯৯ এর অনুমোদন মোতাবেক কর্মসংস্থান ব্যাংক আঞ্চলিক কার্যালয়,কিশোরগঞ্জ এ কর্মরত আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ আব্দুল মালেক (সহকারী মহাব্যবস্থাপক,সভত নং-০২৫৭)- এর অনুকূলে ভারতে চিকিৎসাজনিত কারণে নিম্নবর্ণিত শর্তাবলি পরিচালন সাপেক্ষে ভ্রমণের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন (যাতায়াত সময়সহ) পূর্ণ গড় বেতনে বহি:বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হলো :

বহি: বাংলাদেশ অর্জিত ছুটির ক্ষেত্রে পালনীয় শর্তাবলি :

- এ ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি নিজস্ব উৎস হতে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার অথবা কর্মসংস্থান ব্যাংক-এর কোনো আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না ;
- তার অনুকূলে অনুমোদিত ভ্রমণকালকে বহি:বাংলাদেশ ছুটি হিসেবে গণ্য করা হবে ;
- সরকারের পূর্বানুমতি ব্যতীত তিনি অনুমোদিত মেয়াদের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- এ অনুমোদন ১৫.০৪.২০১৯ তারিখ হতে ০৩(তিন) মাস পর্যন্ত কার্যকর থাকবে; এবং
- বিদেশে গমন ও দেশে প্রত্যাবর্তনের প্রমাণক হিসেবে পাসপোর্টের ফটোকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ বিভাগে দাখিল করতে হবে।

০২। উল্লেখ্য,আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ আব্দুল মালেক (সহকারী মহাব্যবস্থাপক) এর ছুটিকালীন কর্মসংস্থান ব্যাংক, কিশোরগঞ্জ শাখা, কিশোরগঞ্জ এর ব্যবস্থাপক জনাব মোহাম্মদ শহীদুল ইসলাম (সিনিয়র প্রিন্সিপাল অফিসার, সভত সূচক নং- ০৫৪৩) নিজ দায়িত্বের পাশাপাশি আর্থিক, প্রশাসনিক এবং ব্যবসায়িক ক্ষমতাসহ আঞ্চলিক কার্যালয়, কিশোরগঞ্জ এর আঞ্চলিক ব্যবস্থাপকের দায়িত্ব পালন করবেন। কর্মসংস্থান ব্যাংক,আঞ্চলিক কার্যালয়,কিশোরগঞ্জ- এর আঞ্চলিক ব্যবস্থাপকের ছুটিকালীন আঞ্চলিক কার্যালয়ের সার্বিক কার্যক্রম নিবিড় তদারকি করার জন্য বিভাগীয় কার্যালয়,ঢাকা এর উপমহাব্যবস্থাপককে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

জনাব মোঃ আব্দুল মালেক
আঞ্চলিক ব্যবস্থাপক
(সহকারী মহাব্যবস্থাপক (সভত নং-০২৫৭))
কর্মসংস্থান ব্যাংক
আঞ্চলিক কার্যালয়,কিশোরগঞ্জ।

(গৌতম সাহা)

উপমহাব্যবস্থাপক

ফোন: ০২-৯৫৭১৭৭৮

পত্র সূত্র নং:কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৫(ব্য:ন:এজিএম-৩৯)/২০১৮-২০১৯/৩০৪০(৩৪)

তারিখ : - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, বহিঃগমন ও পাসপোর্ট অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা ;
- ২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ;
- ৪। উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; তাঁকে এ পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ৫। উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়,ঢাকা;
- ৬। আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয়,কিশোরগঞ্জ;
- ৭। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/বেনাপোল স্থলবন্দর, যশোর / অফিস ইনচার্জ, ক্যান্টনমেন্ট রেলওয়ে ইমিগ্রেশন, ঢাকা;
- ৮। জনাব মোহাম্মদ শহীদুল ইসলাম (সিনিয়র প্রিন্সিপাল অফিসার,সভত সূচক নং-০৫৪৩),কর্মসংস্থান ব্যাংক,কিশোরগঞ্জ শাখা,কিশোরগঞ্জ;
- ৯। ব্যক্তিগত নথি/এমআইএস।

(কাজী মোঃ হাবিবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

ফোন: ০২-৯৫৫৫০০৮